দৈনিক বাংলা

তারিখ 06 JAN 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

# ঢাকা ভার্সিটিতে ১৩টি অধ্যাপক ও প্রভাষকের পদ শূন্য

**মুজতবা খন্দকার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কমপক্ষে ৩০টি গুরুত্বপূর্ণ শূন্য পদের সিলেকশনসহ নিয়োগের সকল প্রক্রিয়া সম্পন্ন হয়ে গেলেও দীর্ঘদিন ধরে নিয়োগ দেয়া হচ্ছে না। ফলে একাডেমিক ও প্রশাসনিক সমস্যা বৃদ্ধি পাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের একাধিক নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান, সমাজবিজ্ঞান মার্কেটিং, ফিন্যান্স এবং প্রধান জনসংযোগ কর্মকর্তার পদসহ প্রশাসনিক ভবনের বেশ কয়েকটি বিভাগে একাধিক পদের সিলেকশন হয়ে গেলেও এখনও কাউকে নিয়োগ দেয়া হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের প্রধান জনসংযোগ কর্মকর্তার পদটি শূন্য রয়েছে গত জুন থেকে।

মনোবিজ্ঞান বিভাগের প্রভাষকের তিনটি পদ শূন্য রয়েছে প্রায় এক বছর যাবত। এ বছরের শুরুতে শূন্যপদ পূরণের জন্য কর্তৃপক্ষ আবেদনপত্র আহ্বান করেন। ঐ পদের জন্য ১৫ জন প্রার্থী আবেদন করেন। এই তিনটি পদের সিলেকশন হয়েছে গত জুনে। এখন পর্যন্ত কাউকে নিয়োগ দেয়া হয়নি।

সমাজবিজ্ঞান বিভাগের তিনটি প্রফেসরের পদ, মার্কেটিং বিভাগের ৪টি, ফিন্যান্স বিভাগের ৩টিসহ আরও কয়েকটি বিভাগে এই অবস্থা বিরাজ করছে।

এভাবে দীর্ঘদিন যাবৎ পদগুলি শূন্য থাকায় একাডেমিক এবং প্রশাসনিক জটিলতা বৃদ্ধি পাচ্ছে।